

ঈদের দিনের ১৩টি সুন্নত

১. শরীয়তের সীমার ভিতর থাকিয়া সাধ্যানুযায়ী সজ্জিত হওয়া
২. মেসওয়াক করা
৩. গোসল করা
৪. সামর্থ্য অনুযায়ী উত্তম (অথবা ধৌত করা) পোশাক পরিধান করা
৫. খোশবু (সেন্ট নয়) ব্যবহার করা
৬. অতি প্রত্যুষে ঘুম হইতে উঠা
৭. ফজরের নামাযের পর অতি শীঘ্রই ঈদগাহে উপস্থিত হওয়া
৮. ঈদুল ফিতরের দিনে ঈদগাহে যাওয়ার পূর্বে খোরমা অথবা অন্য কোন মিষ্টি দ্রব্য খাওয়া
৯. ঈদুল ফিতরে ঈদগাহে যাওয়ার পূর্বেই সদকায়ে ফিতর আদায় করিয়া দেওয়া
১০. কোন ওয়র অসুবিধা না থাকিলে ঈদের নামায মসজিদে না পড়িয়া (ঈদগাহে) ময়দানে পড়া। ওয়র অসুবিধা বলিতে-অনবরত বৃষ্টি থাকা, অসুস্থতার দরুন দূরের ময়দানে যাইতে না পারা ইত্যাদিকে বুঝায়
১১. ঈদগাহে এক পথে যাওয়া এবং অন্য পথে ফিরিয়া আসা
১২. ঈদগাহে হাঁটিয়া যাওয়া
১৩. ঈদগাহের পথে-ঈদুল ফিতরে অনুচ্চস্বরে এই তকবীর পড়িতে পড়িতে যাওয়া :

তকবীর

আল্লাহু আক্বার, আল্লাহু আক্বার,
লা-ইলাহা ইল্লাল্লাহু ওয়াল্লাহু আক্বার,
আল্লাহু আক্বার ওয়ালিল্লাহিল হাম্দ

সূত্র : "রমযানের উপহার", মুফতী মোহাম্মদ উবাইদুল্লাহ সাহেব,
মজলিশে খিদমতে দ্বীন, সিদ্দিক বাজার, ঢাকা।